ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৭২
আগরতলা, ৪ নভেম্বর, ২০২৫

**কুমারঘাট এমসিএইচ ক্লিনিকে যক্ষ্মা রোগীদের মধ্যে পুষ্টিকর খাবার প্রদান**

ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমা হাসপাতালের অধীন কুমারঘাট এমসিএইচ ক্লিনিকে গত ১ নভেম্বর ছয় জন যক্ষা রোগীকে পুষ্টিকর খাবারের বাস্কেট (পুষ্টিকর খাবার) প্রদান করা হয়। তাতে উপস্থিত ছিলেন কুমারঘাট পুর পরিষদের কাউন্সিলার লিলি ধর, প্রণতি শুক্লবৈদ্য, কুমারঘাট মহকুমা হাসপাতালের এমপিএস বিমল বসু চাকমা সহ অন্যান্য ব্যক্তিবর্গ। এই অনুষ্ঠানে রোগীদের সাথে এমপিএস বিমল বসু চাকমা মতবিনিময় করেন এবং পুষ্টিকর খাবারের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, যক্ষ্মা একটি রোগ যা কেবল শারীরিক নয়, বরং মানসিক ও সামাজিক দিক থেকেও রোগীদের দুর্বল করে তোলে। তাই, আমাদের কর্তব্য তাদের পাশে দাঁড়ানো এবং তাদের চিকিৎসার জন্য সমস্ত ধরনের সহযোগিতা করা। আগামী ছয় মাস ধরে এই রোগীদের পুষ্টি, ওষুধ এবং চিকিৎসার সমস্ত কিছু বিনামূল্যে প্রদান করা হবে বলেও তিনি জানান। যক্ষ্মা মুক্ত ভারত গড়ার জন্য 'নি-ক্ষয় মিত্র' প্রকল্পটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই উদ্যোগ নিঃসন্দেহে এলাকার যক্ষ্মা রোগীদের জন্য এক বড় ভরসা এবং অনুপ্রেরণা। স্বাস্থ্য দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।

**********